গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৩/০৮/২০২৬ তারিখের স্মারক নং-১০(২২৫) জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/৩৬৮৯ মোতাবেক এ কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি ইচ্ছুক ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, ১৮/০৮/২০২৬ তারিখ হতে ১৩/০৯/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করা যাবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions ) থেকে জানা যাবে।

০১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০২১/২০২২/২০২৩ সালের SSC/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ অথবা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

গ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

০২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত:

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Degree Pass Tab**-এ গিয়ে **Apply Now (Degree Pass)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** অথবা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক **Gender** এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, **Gender** ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী কোন মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligable**) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক কলেজের নাম **Select** করলে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি যোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120 × 150 pixels, Image Type: jpg এবং maximum file size:50 kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) আবেদনকারীকে সঠিক ছবি ও তথ্যসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4(8.5" × 11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf সংগ্রহ করতে হবে।

চ) প্রাথমিক আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা Roket App/Bkash App এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট/পিডিএফ কপি ও Roket App/Bkash App এর মাধ্যমে টাকা জমার রশিদ সংরক্ষণ করতে হবে। যে সকল আবেদনকারী কলেজ কর্তৃক নির্ধারিত ফি জমা করবে না তাদের আবেদন ফরম approve করা হবে না।

ছ) কলেজের Education Management System (EMS)-এ (gssmc.eshiksabd.com) এ প্রবেশ করে শিক্ষার্থীর ইউজার নেইম এবং পাসওয়ার্ড (User Name: gssmcstudent ও Password: gssmcstudent) এ Login করে Apply for Application Form এ ক্লিক করে Admission Degree গ্রুপ Select করে শিক্ষার্থীর Admission Roll এবং Student Name লিখে সাবমিট দিতে হবে। তারপর শিক্ষার্থীরা Rocket App/ Bkash App এর মাধ্যমে জমা দিতে পারবে।

* কলেজ কর্তৃক আবেদন ফরম approve সংক্রান্ত SMS বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীর মোবাইলে প্রেরণ করবেন। SMS না পেলে ১৬/০৮/২০২৬ তারিখের মধ্যে জনাব অমৃত বিশ্বাস (মোবাইল: ০১৯৩১-৫৩৩৮৮৬) এর সাথে অফিস চলাকালীন সময়ের মধ্যে যোগাযোগ করতে বলা হলো।*

স্বাঃ

(অধ্যাপক আব্দুল্লাহ্ আল মাতীন)
আইডি-০৮৯৬৯
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

স্মারক নং: সা.সু.ম.ক: ৬৮০/২৬

তারিখ: ২৬/০৮/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

০১। উপাধ্যক্ষ, এ কলেজ।
০২। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এ কলেজ।
০৩। হিসাবরক্ষক, এ কলেজ।
০৪। জনাব সুলতান আহমেদ/জনাব সাব্বির হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস/জনাব রূপালী শিকদার/ জনাব মোঃ মিরাজ শেখ, এ কলেজ।
০৫। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/হেল্প ডেস্ক, এ কলেজ।
০৬। সংরক্ষণ নথি।

২৬/০৮/২৬

অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ

অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।